

## শ্রেষ্ঠ সমবায় সমিতির পুরস্কার ২০০২

সমবায় আন্দোলনে সাফল্যের স্বীকৃতি স্বরূপ, মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ-কে শ্রেষ্ঠ সমবায় সমিতির পুরস্কার ২০০২ প্রদান করা হয়।

## জাতীয় সমবায় পুরস্কার ১৯৯৫

সমবায়ের কার্যক্রমের মাধ্যমে দেশ গঠনে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ মঠবাড়ী খ্রিস্টান কো-আপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ-কে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও সমবায় মন্ত্রণালয়ের পক্ষ থেকে গাজীপুর জেলার শ্রেষ্ঠ সমবায় সমিতি হিসাবে ১৯৯৫ সালের জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হয় বিগত ১৩/১০/১৯৯৭ তারিখ।

## কাল্ব স্বীকৃতি

সমবায় অঙ্গনে বিশেষ অবদানের জন্য মঠবাড়ী মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ-কে বিভিন্ন সময়ে বিভিন্ন সম্মান ও সম্মাননায় ভূষিত করা হয়।

## কাল্ব স্বীকৃতি সনদ-২০১১

২০১০-২০১১ অর্থ বছরে জাতীয় পর্যায়ে মূলধন বৃদ্ধিতে দ্বিতীয়, কাল্ব-এ আমানত বিনিয়োগে তৃতীয় ও গাজীপুর অঞ্চলে মূলধন বৃদ্ধিতে প্রথম হিসাবে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ-কে কাল্ব স্বীকৃতি সনদ-২০১১ প্রদান করা হয়।

## কাল্ব স্বীকৃতি ২০১০

২০০৯-২০১০ অর্থ বছরে মঠবাড়ী খ্রিস্টান কো-আপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ-কে জাতীয় পর্যায়ে কাল্ব এর সর্বাধিক আমানতকারী হিসাবে প্রথম ও জাতীয় পর্যায়ে মূলধন বৃদ্ধিতে দ্বিতীয় এবং গাজীপুর অঞ্চলে মূলধন বৃদ্ধিতে প্রথম ক্রেডিট ইউনিয়ন হিসাবে কাল্ব সনদ-২০১০ প্রদান করা হয়।

## কাল্ব স্বীকৃতি পদক-২০০৯

২০০৮-২০০৯ অর্থ বছরে সম্পদ বৃদ্ধিতে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ-কে গাজীপুর জেলার তৃতীয় শ্রেষ্ঠ সমবায় সমিতি হিসাবে কাল্ব স্বীকৃতি সনদ-২০০৯ প্রদান করা হয়।

## কাল্ব স্বীকৃতি সনদ-২০০৩

২০০২-২০০৩ অর্থ বছরে আনুপাতিক হারে কাল্ব-এ অধিক আমানত জমা করার কারণে কাল্ব সদস্য সমিতিসমূহের মধ্যে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ-কে ১৪ ফেব্রুয়ারী ২০০৪ খ্রিস্টাব্দে দ্বিতীয় শ্রেষ্ঠ সমবায় সমিতি হিসাবে কাল্ব স্বীকৃতি সনদ-২০০৩ প্রদান করা হয়।

## প্রথম শ্রেষ্ঠ সমিতি পুরস্কার ২০০১

২০০০-২০০১ অর্থ বছরে আনুপাতিক হারে কাল্ব-এ অধিক আমানত জমা করার কারণে কাল্ব সদস্য সমিতিসমূহের মধ্যে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ-কে প্রথম শ্রেষ্ঠ সমিতি হিসাবে স্বীকৃতি দান করা হয়।

## ব্যক্তিগত অর্জন

### শ্রেষ্ঠ সমবায়ী জাতীয় পুরস্কার ১৯৯৭ খ্রিস্টাব্দ

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ-কে এর প্রাক্তন চেয়ারম্যান প্রয়াত বেঞ্জামিন ডি'ক্রুশ সমবায় আন্দোলন এবং দেশ ব্যাপি সমবায় কার্যক্রম ছড়িয়ে দেবার জন্য বিগত ১৯৯৬-১৯৯৭ অর্থবছরের, জাতীয় সমবায় পুরস্কার অর্জন করেন। যা আমাদের জন্য একটি বড় অর্জন।